

প্রথম আলো

২০২০ সালের মধ্যে বাংলাদেশে শতভাগ ব্রডব্যান্ড

১৩ সেপ্টেম্বর ২০১৭, ০০:৩৫

আপডেট: ১৩ সেপ্টেম্বর ২০১৭, ১৭:৫৩



ডব্লিউসিআইটি সম্মেলনে অংশ নেওয়া বাংলাদেশ প্রতিনিধি দলের কয়েকজন ২০২০ সালের মধ্যে বাংলাদেশ শতভাগ ব্রডব্যান্ড ইন্টারনেটের আওতায় আসতে চায়। ইনফো সরকার-৩ প্রকল্পের আওতায় ২০১৮ সালের মধ্যে সারা দেশে অপটিক্যাল ফাইবার সংযোগ স্থাপন করার পরিকল্পনা রয়েছে। গতকাল মঙ্গলবার তাইওয়ানের রাজধানী তাইপেতে ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি (ডব্লিউসিআইটি) সম্মেলনের তৃতীয় দিনে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১২টি দেশের তথ্যপ্রযুক্তি খাত নিয়ে প্রকাশিত একটি গবেষণা প্রতিবেদনে বাংলাদেশ সম্পর্কে এ তথ্য জানানো হয়। অন্যদিকে দুর্বলতা হিসেবে বলা হয়, টেলিযোগাযোগ ও ডিজিটাল মাধ্যমে লেনদেনে অবকাঠামো এবং দক্ষ মানবসম্পদের অভাব রয়েছে বাংলাদেশে।

বিশ্বের বিভিন্ন দেশের তথ্যপ্রযুক্তি সংগঠনগুলোর আন্তর্জাতিক জোট ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সার্ভিসেস অ্যালায়েন্স—উইটসার আয়োজনে এই সম্মেলন আজ বুধবার শেষ হচ্ছে। সমাপনী দিনে দেওয়া হবে উইটসা এক্সিলেন্স ও ই-এশিয়া পুরস্কার। চার দিনের এই সম্মেলন শুরু হয় ১০ সেপ্টেম্বর। উইটসার সদস্য বাংলাদেশ কম্পিউটার সমিতির (বিসিএস) মাধ্যমে ৫২ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল এতে অংশ নিচ্ছে।

বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার বলেন, ‘২০২১ সালে বাংলাদেশে এই সম্মেলন আয়োজন করা হবে। সে জন্য এখানকার অভিজ্ঞতা কাজে লাগবে।’